

প্রশ্ন

ডি, এম, সেলিম ভূইয়া

তুমি কি আমায় ভালোবাস
ঠিক সেই আগের মত,
না-কি ভুলে গেছ আমায়
এই কিছুটা সময়ের ব্যবধানে ?

সোনালী রোদের ঝলসানী শেষে
মেঘ মুক্ত সুনীল বিকেল এলে,
তুমি কি ছাদের কোনে দাড়িয়ে থাক
লাল গোলাপটি হাতে নিয়ে ?
না-কি এখন আর প্রতীক্ষায় থাক না
আমার কথা মনে করে করে?

নিশীত রাতের মধ্যভাগে যদি কখনো
ঘুম ভেঙ্গে যায় অকারণে,
তুমি কি তখন ভাব বসে
অতীতের সেই কথা গুলো নিয়ে ?

যদি কখনো পথ ভুলে চলে যাও
শীতলক্ষ্যা নদীর তীরে
তোমার কি মনে পড়েনা
সেই দিনের সেই কথা গুলো;
যখন মোরা হাতে হাত রেখে
সামান্য কিছু কেনার ছলে
হারিয়ে গিয়েছিলাম-
বৈশাখী মেলায় লোকের ভিড়ে।

কখন ও যদি মনের অজান্তে
চলে আস সেই দীঘির পাড়ে
তখন ও কি তোমার মনে পড়বেনা সে কথা;
যখন মোরা সাতার কেটে
চলে গিয়েছিলাম দীঘির অপর প্রান্তে,
তুমি তখন সাতার কাটতে জানতে না
মধ্য ভাগে এসে ক্লান্ত হয়ে গেলে
সে দিন কিন্তু আমিই তোমাকে
কোলে তুলে এনেছিলাম তীরে।

এখন ও কি তুমি হাস একা একা
মনে করে সে সব কথা
যখন মোরা হাটতে হাটতে
চলে গিয়েছিলাম দূর প্রান্তে
সবাই তখন বলেছিল হেসে
মানাবে ওদের বেশ।

তুমি তখন হেসেছিলে মিষ্টি করে
আর আমি, তাকিয়ে রইলাম তোমার মুখের পানে
কি সুন্দর না লেগেছিল তোমায়
হাসি ভরা তোমার মুখ খানা দেখে।

এখনও কি তুমি হাস
সে সব কথা মনে করে
না-কি ভুলে গেছ আমায়
এই কিছুটা সময়ের ব্যবধানে !!!

JURONG EAST
SINGAPORE
E-mail: selim_moni@yahoo.com.sg